



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pru.bhbfc@gmail.com

প্রেস বিজ্ঞপ্তি

বিএইচবিএফসি'র 'অফিসারদের কম্পিউটার সার্ভার পরিচালনা ও লোন ম্যানেজমেন্ট সিস্টেম' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন



৮ মে ২০১৬ তারিখে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) প্রশিক্ষণ কেন্দ্রে প্রতিষ্ঠানটির সদ্য পদোন্নতি প্রাপ্ত অফিসারদের 'কম্পিউটার সার্ভার পরিচালনা ও লোন ম্যানেজমেন্ট সিস্টেম' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। কর্পোরেশন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কোর্সের উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ড. দৌলতুল্লাহর খানম। এ সময় কর্পোরেশনের প্রশিক্ষণ ইনস্টিটিউটের উপ-মহাব্যবস্থাপক ড. সৈয়দ মোহাম্মাদ মোয়াজ্জাম হোসেনসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।